

## কুয়েত আন্তর্জাতিক বিমানবন্দরে ভয়াবহ আগুন

- A Monitor Desk Report

Date: 01 April, 2026



**ঢাকা:** কুয়েতের আন্তর্জাতিক বিমানবন্দর লক্ষ্য করে ডোন হামলা চালিয়েছে ইরান। এতে বিমানবন্দরটির জ্বালানি ট্যাংকার রাখা অংশে বিশাল আগুন লাগার ঘটনা ঘটেছে। বুধবার (১ এপ্রিল) সকালে এ তথ্য জানায় কুয়েতি কর্তৃপক্ষ।

দেশটির বেসামরিক উড়োজাহাজ চলাচল কর্তৃপক্ষের মুখপাত্র আব্দুল্লাহ আল-রাজি বলেছেন, “কুয়েতের আন্তর্জাতিক বিমানবন্দরে ইরান ও তাদের সমর্থিত সশস্ত্র গোষ্ঠীর নির্লজ্জ ডোন হামলা চালিয়েছে। এতে টার্গেট করা হয়েছে একটি জ্বালানি ট্যাংকার। হামলার কারণে এতে বিশাল আগুন লেগেছে।”

“জরুরি পরিষেবার কর্মীরা বর্তমানে সেখানে রয়েছেন। অবকাঠামোগত ক্ষয়ক্ষতি হয়েছে এবং কোনো মানুষ আহত হননি।”

গত ২৮ ফেব্রুয়ারি ইরানের ওপর যৌথ হামলা চালায় যুক্তরাষ্ট্র ও দখলদার ইসরায়েল। এরপর উপসাগরীয় আরব দেশগুলোতে থাকা মার্কিন অবকাঠামো লক্ষ্য করে পাল্টা হামলা শুরু করে ইরান।

কুয়েতের পাশাপাশি বাহরাইনেও হামলা চালিয়েছে ইরান। বুধবার সকালে দেশটির স্বরাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে জানিয়েছে, “ইরানের আগ্রাসনের কারণে একটি কোম্পানির অবকাঠামোতে আগুন লেগেছে। যা এখন নেভানোর কাজ করছেন ফায়ার সার্ভিসের কর্মীরা।”

তবে কোন কোম্পানিকে ইরান টার্গেট করেছে সেটি উল্লেখ করেনি বাহরাইন। মঙ্গলবার (৩১ মার্চ) ইরান ঘোষণা দিয়েছিল মধ্যপ্রাচ্যে থাকা মার্কিন কোম্পানিগুলো লক্ষ্য করে তারা হামলা চালাবে।

